দৈনিক
জনকণ্ঠ

তারিখ ২৯ NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ৭

# পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় কেন অবৈধ নয়, হাইকোর্টের রুল

স্টাফ রিপোর্টার ॥ এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণ বাবদ অতিরিক্ত ফি আদায় কেন বেআইনী ও অবৈধ ঘোষণা করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। আদালতের আদেশ থাকার পরও ধানমন্ডির আবাসিক এলাকা থেকে ম্যাপল লিফ স্কুল না সরানোর কারণে স্কুলের নতুন অধ্যক্ষ আলী কারাম রেজাকে তলব করেছে হাইকোর্ট। চট্টগ্রাম বন্দরে লস্কর নিয়োগ নিয়ে নৌ-পরিবহন মন্ত্রীর বিরুদ্ধে ফেসবুকে আপত্তিকর স্ট্যাটাস দেয়ার অভিযোগে মানহানি ও তথ্যপ্রযুক্তি আইনে (৫৭ ধারা) মাদারীপুরে দায়ের করা দুটি মামলায় হাইকোর্ট থেকে আগাম জামিন নিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আসিফ নজরুল। মঙ্গলবার হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চ এ আদেশ প্রদান করেছে।

এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণ বাবদ অতিরিক্ত ফি আদায় কেন বেআইনী ও অবৈধ ঘোষণা করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, হবিগঞ্জের জেলা প্রশাসক; শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট ৯ জনকে ওই রুলের জবাব দিতে বলা হয়েছে। হাইকোর্টের বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত বেঞ্চ মঙ্গলবার স্বপ্রণোদিত হয়ে এ রুল জারি করে। আদালতে রিটের পক্ষে শুনানি করেন এ্যাডভোকেট জহির উদ্দিন লিমন। একই সঙ্গে হবিগঞ্জের চুনারুঘাট থানার গাজীপুর স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ, গবর্নিং বডির সভাপতি-সেক্রেটারির বিরুদ্ধে অতিরিক্ত ফি আদায়ে কি ব্যবস্থা নেয়া হয়েছে তা জানতে চাওয়া হয়েছে। জানুয়ারি মাসের ৪ তারিখের মধ্যে সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে তা জানানোর জন্য বলেছে আদালত।